**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 16-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM Janmasthami Utsab :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন গীতা যেমন হিন্দুদের কাছে একটি পবিত্র গ্রন্থ তেমনি জন্মাষ্টমী উৎসবও হিন্দুদের কাছে এক পবিত্র উৎসব। গীতা গ্রন্থকে নিয়ে আজ সারা বিশ্বে গবেষণা হচ্ছে। সব অংশের মানুষ আজ গীতা পাঠ করছেন। গতকাল শ্রীকৃষ্ণ মন্দিরে ৫ দিনব্যাপী শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উৎসবের উদ্বোধন করে একথা বলেন তিনি। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শ্রীকৃষ্ণের বিভিন্ন বিগ্রহের আবরণ উন্মোচন করেন। বক্তব্য রাখেন শ্রী চৈতন্য গৌড়ীয় মঠ, আগরতলা জগন্নাথ জিউ মন্দিরের ভিক্ষু ভক্তি কমল বৈষ্ণব মহারাজ, ত্রিপুরা যাদব মহাসভা উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রমোদ লাল ঘোষ। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত প্রমুখ।

*************************

**President Police Award :**

আসাম রাইফেলস ময়দানে রাজ্যভিত্তিক স্বাধীনতা দিবস পালন অনুষ্ঠানে এবছর যেসব পুলিশ অফিসার ও কর্মীগণ রাষ্ট্রপতির পুলিশ পদক পাচ্ছেন তাদের নাম ঘোষণা করা হয়েছে। তারা হলেন ডেপুটি আই.জি.পি, নর্দান রেঞ্জ রতিরঞ্জন দেবনাথ, টি.এস.আর. প্রথম ব্যাটেলিয়নের সুবেদার পাসুরাম দেববর্মা, টি.এস.আর পঞ্চম ব্যাটেলিয়নের হাবিলদার দিলীপ কুমার সিংহ, স্পেশাল ব্রাঞ্চের কনস্টেবল ধ্রুব কাপালি, কে.টি.ডি.এস. পুলিশ ট্রেনিং একাডেমির কনস্টেবল উত্তম দেবনাথ, উত্তর জেলার কনস্টেবল হেমেন্দ্র চন্দ্র নাথ। ২০২৬ সালের প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে তাদের পুরস্কৃত করা হবে।

*************************

**Governor Hosts At Home :**

স্বাধীনতা দিবস পালন কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল রাজভবনে এটহোম অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, সস্ত্রীক মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ, বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এস রামচন্দ্র রাও, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ প্রমুখ।

**************************

**PM :**

৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির ঐতিহাসিক লাল কেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করেন। প্রধানমন্ত্রী দেশবাসীর উদ্দেশ্যে বলেন, এই স্বাধীনতা দিবস আশা ও আকাঙ্ক্ষার উৎসব। এই উপলক্ষ ১৪০ কোটি ভারতবাসীর সংকল্প এবং দেশের যৌথ অর্জনের গর্বের বিষয়। প্রধানমন্ত্রী অপারেশন সিন্দুরের সাহসী সৈন্যদের অভিবাদন জানিয়ে বলেন, এই অপারেশন দেশের সশস্ত্র বাহিনীর বীরত্ব এবং নির্ভুলতার এক শক্তিশালী প্রমাণ। তিনি বলেন, শত্রুদের যেকোনো প্রচেষ্টা ব্যর্থ করতে শক্তিশালী অস্ত্র ব্যবস্থা তৈরির জন্য ভারত মিশন সুদর্শন চক্র চালু করবে। প্রধানমন্ত্রী দেশের যুবসমাজের জন্য প্রায় এক লক্ষ কোটি টাকার প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনা চালু করার ঘোষণা দেন। এই যোজনার আওতায় তিন কোটি ৫০ লক্ষ যুবকের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করা হবে।

**************************

**Independence Day-CM :**

সারা দেশের সঙ্গে গতকাল রাজ্যেও যথাযথ মর্যাদায় ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। আগরতলার আসাম রাইফেলস ময়দানে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জাতীয় পতাকা উত্তোলন করেন ও সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী বলেন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে ও কেন্দ্রীয় সরকারের সহায়তায় ত্রিপুরা বিকাশের এক নতুন যুগের দোরগোড়ায় দাঁড়িয়ে আছে। এক সমৃদ্ধ ত্রিপুরা গড়ে তুলতে গত ৭ বছরে রাজ্য সরকার বহু চ্যালেঞ্জ মোকাবিলা করে কেন্দ্রীয় সরকারের সহায়তায় বহু সুযোগের সদ্ব্যবহার করতে পেরেছে। এদিন রাজ্যের সবকটি জেলা এবং মহকুমাতেও ৭৯তম স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে।

*************************

**Independent Day-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল সার্কিট হাউসে মহাত্মা গান্ধী মূর্তি প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন। পরে রাজ্যপাল গান্ধীঘাটে গান্ধীবেদীতে শ্রদ্ধা জানান। তিনি লিচুবাগানে অ্যালবার্ট এক্কা পার্কে শহীদদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। রাজ্যপালের সঙ্গে ছিলেন বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ।

*************************

**Independent Day-ADC :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের উদ্যোগেও গতকাল যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে। খুমুলুং-এর খুম্পুই মাঠে জাতীয় পতাকা উত্তোলন করেন চেয়ারম্যান জগদীশ দেববর্মা।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব

চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*****************************

**Ambulance Distribution Rajib Bhattacharjee :**

সাংসদ রাজীব ভট্টাচার্য গতকাল আগরতলার সব্যসাচী ক্লাবে স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে এলাকাবাসীর জন্য একটি এম্বুলেন্স পরিষেবার উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন স্থানীয় কর্পোরেটর সুখময় সাহা ক্লাব সদস্যরা।

*****************************

**Independence Day Cultural Program :**

৭৯তম স্বাধীনতা দিবসে বিভিন্ন কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল টাউন হলে বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পাশাপাশি ক্ষুদিরাম বসু বিদ্যালয়ের ছাত্রীদের পরিবেশন সকলের মন কেড়ে নেয়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের তাপমাত্রা ছিল সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

*****************************